# GEOGRAPHY

## Class - XI

## Semester - II

**Full Marks : 35**

### Part–A

1. **যে কোনো একটি রচনাধর্মী প্রশ্নের উত্তর দাও :** 5 × 1 = 5

   i. সমস্থিতি সম্পর্কে জন হেনরি প্র্যাটের তত্ত্বটি চিত্রসহ ব্যাখ্যা কর।

   ii. বিভিন্ন প্রকার চ্যুতির ভূগাঠনিক উপাদানগুলি উপযুক্ত চিত্রসহ আলোচনা কর।

   iii. বায়ুমণ্ডলের উষ্ণতার তারতম্যের প্রধান পাঁচটি কারণ চিত্রসহ ব্যাখ্যা কর।

2. **যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** 3 × 2 = 6

   i. মৃত্তিকা সংরক্ষণের যে কোনো ৬টি গুরুত্ব উল্লেখ কর।

   ii. জেট বায়ুর সাথে মৌসুমি বায়ুর সম্পর্ক ব্যাখ্যা কর।

   iii. পৃথিবীব্যাপী ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চলে প্রবাহিত, বিভিন্ন প্রকার স্থানীয় বায়ুর সংক্ষিপ্ত বিবরণ দাও।

   iv. ভাজ ভূমিরূপের উপর গঠিত বিভিন্ন প্রকার জন নির্গম প্রণালীর উদাহরণসহ বর্ণনা দাও।

3. **যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :** 2 × 2 = 4

   i. নগ্নীভবন বলতে কি বোঝ?

   ii. ইনসোলেশন কি?

   iii. উপত্যকা বায়ু কাকে বলে?

   iv. উদাহরণসহ ধারণ অববাহিকার সংজ্ঞা দাও।

### Part–B

4. **যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** 3 × 2 = 6

   i. বিশ্ব মানচিত্রে চীনের মোটর গাড়ী নির্মাণ শিল্পের উত্থানের প্রধান তিনটি কারণ উল্লেখ কর।

   ii. সড়ক পথ পরিবহণের প্রধান তিনটি সুবিধা আলোচনা কর।

   iii. গবেষণা ও উন্নয়নভিত্তিক অর্থনৈতিক কার্যাবলীর তিনটি বৈশিষ্ট্য ব্যাখ্যা কর।

   iv. অর্থনৈতিক কার্য রূপায়ণে বিশেষজ্ঞের ভূমিকা কি?

5. **যে কোনো তিনটি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও :** 2 × 3 = 6

   i. "পরিবহণের দোলক নীতি" বলতে কি বোঝ?

ii. কাগজ শিল্পে সর্বোন্নত দুটি দেশের নাম ও তাদের উন্নতির একটি করে কারণ লেখ।

iii. সামুদ্রিক মৎস্যক্ষেত্র কাকে বলে? উদাহরণ দাও।

iv. Eco-tourism কি?

v. তথ্য-পরিষেবা বলতে কি বোঝ?

vi. নীতি-নির্ধারক কাকে বলে?

6. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : **3 × 2 = 6**

i. "The Population map of India follows the rainfall map"– এই বক্তব্যটির সমর্থনে যুক্তি দাও।

ii. ভারতের আবহাওয়ার তারতম্যের ক্ষেত্রে বিশ্ব উষ্ণায়নের তিনটি প্রভাব সংক্ষেপে লেখ।

iii. ভারতের অরণ্য সংরক্ষণের প্রধান তিনটি উপায় সংক্ষেপে আলোচনা কর।

iv. বিপর্যয় ব্যবস্থাপনার বিভিন্ন পর্যায়গুলি উল্লেখ কর।

**যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : 2 × 1 = 2**

i. মৌসুমী বায়ুর উপর এল-নিনোর দুটি প্রভাব লেখ।

ii. পশ্চিমবঙ্গের জলবায়ুগত দুর্যোগপ্রবণ অঞ্চলগুলির একটি তালিকা প্রস্তুত কর।